



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



## বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

Web Site: www.bgcc.edu.bd  
E-mail: bgccchittagong@gmail.com  
ফোন: ০৩১-৬৩৫৮৪৩



EIIN: 134595

তারিখ : ০৯/০৮/২০২১

### বিজ্ঞপ্তি

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদের ফরমপূরণ সংক্রান্ত কাজ সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষার্থী তথ্য সংগ্রহ ফরম এবং বোর্ড নির্দেশনা নিম্নে সংযুক্ত করা হল। নির্দেশনা মোতাবেক অনলাইনে তথ্য সংগ্রহ ফরম পূরণ করে আগামী ১২/০৮/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নির্দেশ দেয়া হচ্ছে।

বিষয়টি অতীব জরুরী।

#### তথ্য সংগ্রহ ফরম ও বোর্ড নির্দেশনা:

- বাকলিয়া সরকারি কলেজ ফেইজবুক পেইজ থেকে **Google Form** এর লিংকে গিয়ে তথ্য সংগ্রহ ফরম পূরণ করা যাবে। অথবা <https://forms.gle/4GH3Vvu6uZDjEr1p6> ঠিকানা থেকেও ফরম পূরণ করা যাবে। ফরমপূরণ নির্ভুলভাবে করার লক্ষ্যে তথ্যসমূহ শিক্ষার্থীদের সঠিক ভাবে পূরণ করতে হবে।
- কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।
- নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী অর্থাৎ সকল ধরনের পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ ব্যতীত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।
- SMS প্রাপ্তির পর পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি:**

(ক) SMS এ প্রাপ্ত LINK ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

(খ) উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, DBBL Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

(গ) এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর সার্ভিস চার্জ(বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্টে/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যাল্যান্স থাকতে হবে।

(ঘ) পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। প্রতিষ্ঠানকর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।

(বি.দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।)

প্রফেসর মোঃ জসীম উদ্দীন খান (২৮৩৮)  
অধ্যক্ষ  
বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

প্রসেনজিৎ পাল (০১৬৭০২)  
সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিদ্যা  
ও  
আহবায়ক  
ফরম পূরণ কমিটি-২০২১  
বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম